

নং 5.2

এক্সিকিউটিভ অর্ডার

রাইকার্স আইল্যান্ড কারেকশনাল সেন্টারের পরিস্থিতির কারণে ব্রঙ্কস, কিংস, নিউ ইয়র্ক, রিচমন্ড এবং কুইন্স কাউন্টিসমূহের দুর্যোগ জরুরি অবস্থা সংক্রান্ত আইনগুলির অস্থায়ী নিষেধাজ্ঞা এবং পরিবর্তন অব্যাহত রাখা হচ্ছে

যেখানে, রাইকার্স আইল্যান্ড কারেকশনাল সেন্টার সাম্প্রতিক মাসগুলিতে গুরুতর কর্মী সংকটের মুখোমুখি হয়েছে এবং তা বেড়ে চলা অব্যাহত রয়েছে;

যেখানে, পরিষেবার পরিস্থিতির কারণে বন্দী এবং কর্মীদের জন্য একটি অনিরাপদ, জীবনের প্রতি হুমকিস্বরূপ পরিস্থিতি সৃষ্টির আশঙ্কা করা হচ্ছে;

যেখানে, একজন ফেডারেল পরজবেক্ষককে কারেকশনাল সেন্টারের তত্ত্বাবধানের জন্য নিয়োগ দেওয়া হয়েছে এবং নুনেজ স্বতন্ত্র পরজবেক্ষকের এগারোতম রিপোর্টে পরিষেবায় "অনিয়ম এবং বিশৃঙ্খলার গুরুতর পর্যায়" সম্পর্কে প্রতিবেদন করা হয়েছে;

যেখানে, এই বছর রাইকার্স আইল্যান্ডে বন্দীদের মৃত্যুর সংখ্যা বৃদ্ধি পেয়েছে;

যেখানে, প্রসিডিং ত্বরান্বিত করার জন্য ভারুয়াল আদালত উপস্থিতির ব্যবস্থা করা প্রয়োজন এবং পরিবহন এবং বাদীদের ব্যবস্থাপনাকরণ থেকে কর্মীদের স্থানান্তর করে আবাসন তত্ত্বাবধান এবং নিরাপত্তা ক্ষেত্রে নিয়োগ করা প্রয়োজন;

এখন, অতএব, আমি, ক্যাথি হোকল, নিউ ইয়র্ক স্টেটের গভর্নর, নিউ ইয়র্ক স্টেটের সংবিধান এবং নির্বাহী আইনের ধারা 28, অনুচ্ছেদ 2-B দ্বারা আমার উপর ন্যস্ত কর্তৃত্ব দ্বারা, নির্বাহী আদেশ 5 দ্বারা ন্যস্ত স্টেট দুর্যোগ জরুরি অবস্থা সম্প্রসারণ করছি এবং এতদ্বারা 27 নভেম্বর, 2021 পর্যন্ত নির্বাহী আদেশ 5 এর দ্বারা নির্বাহী আদেশ 5 এর অন্তর্ভুক্ত জারিকৃত শর্তাবলী এবং নিষেধাজ্ঞা অব্যাহত রাখছি, যা অব্যাহত হবে নির্বাহী আদেশ 5.1 দ্বারা, 27 ডিসেম্বর, 2021 তারিখ পর্যন্ত।

আমার স্বহস্তে এবং স্টেটের নিজস্ব সীলমোহরের অধীনে,
অ্যালবানি শহরে দুই হাজার একুশ সালের
সেপ্টেম্বর মাসের সাতাশতম দিনে এটি প্রদান
করা হলো।

গভর্নর কর্তৃক

গভর্নরের সচিব